

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)


স্মারক নং - ৩৪.০১.০০০০.০২৮.১৬.০৪৯.১২ - ২৪৭  
বিষয় : আত্মকর্ম ব্যবস্থাপনা সফটওয়্যার ব্যবহার সংক্রান্ত।

তারিখ : ০৪/০৬/২০১৬খ্রঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মধ্যে যারা আত্মকর্মে নিয়োজিত হয়েছেন তাদের তথ্য এন্ট্রি করে ডাটাবেজ তৈরী, তথ্য সংরক্ষণ ও অনলাইনে প্রদর্শন এবং স্বয়ংক্রিয় রিপোর্ট প্রস্তুতের জন্য "আত্মকর্ম ব্যবস্থাপনা সফটওয়্যার" প্রস্তুত করা হয়েছে। সফটওয়্যারটি ব্যবহার বিষয়ে সংশ্লিষ্ট জনবলকে প্রশিক্ষণ প্রদানসহ ব্যবহার নির্দেশিকা সরবরাহ করা হয়েছে। সফটওয়্যারটি পর্যায়ক্রমে সংশ্লিষ্ট উপজেলার কম্পিউটারে ইন্সটল করার ব্যবস্থা নেয়া হয়েছে। সফটওয়্যারটি কম্পিউটারের "ডি" ড্রাইভে ইন্সটল করতে হবে। সফটওয়্যার লোডকৃত কম্পিউটারটিতে কোনভাবে নতুন প্রোগ্রাম লোড বা ফরমেট দেয়া যাবে না। এ সকল কাজের কারণে লোডকৃত সফটওয়্যার হারিয়ে বা নষ্ট হয়ে যেতে পারে। সফটওয়্যারটি ব্যবহারে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণীয়-

- যে কোন প্রশিক্ষণ কোর্স/ব্যাচ সম্পন্ন হওয়ার সাথে সাথে সফটওয়্যারটিতে প্রশিক্ষণার্থীর তথ্য অংশে নির্ধারিত ছকে যথাযথ তথ্য পূরণ করতে হবে;
- ইতোমধ্যে প্রায় সকল উপজেলা হতে স্বয়ং উপজেলার আত্মকর্মীদের তালিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। আপলোডকৃত তালিকা সংশোধনসহ উপজেলার সকল তথ্য ৩০/০৬/১৬ তারিখের মধ্যে হালনাগাদ করতে ইতোমধ্যে নির্দেশনা ও পরামর্শ দেয়া হয়েছে। আপলোডকৃত তালিকার অবশিষ্ট অংশ হালনাগাদের পর থেকে ধারাবাহিকভাবে সফটওয়্যারে তথ্য দৈনিক ও মাসভিত্তিতে হালনাগাদ করতে হবে যার ভিত্তিতে জুলাই/১৬ মাস হতে স্বয়ংক্রিয় রিপোর্ট পাওয়ার ব্যবস্থা নিতে হবে।
- জেলা কার্যালয়, জেলাস্থ প্রশিক্ষণ কেন্দ্র এবং যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ তথ্য এন্ট্রি দেয়ার ক্ষেত্রে শুধুমাত্র যে সমস্ত প্রশিক্ষণার্থী তাদের মাধ্যমে আত্মকর্মী হয়েছে বা হবে শুধুমাত্র তাদের তথ্য প্রশিক্ষণ ও আত্মকর্ম অংশে এন্ট্রি দিতে হবে। কেননা অন্যান্য প্রশিক্ষণার্থীদের তথ্য ও আত্মকর্ম সংশ্লিষ্ট উপজেলাতে এন্ট্রি হবে। কাজেই জেলা ও প্রশিক্ষণ কেন্দ্র হতে বিগত সময়ে যে সকল প্রশিক্ষণার্থীকে আত্মকর্মে নিয়োজিতকরণের তথ্য রিপোর্ট দেখানো হয়েছে তাদের তথ্য দ্রুত বর্ণিত সফটওয়্যারে এন্ট্রি প্রদান করে জুলাই/১৬ মাস হতে হালনাগাদ তথ্য এন্ট্রি করণের মাধ্যমে স্বয়ংক্রিয় মাসিক রিপোর্ট প্রনয়ণ ও প্রেরণের ব্যবস্থা নিতে হবে।
- চলমান প্রশিক্ষণার্থীদের মধ্যে অথবা পূর্বে প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্যে থেকে যারা যখনই আত্মকর্মে পরিণত হবেন তখনই সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থীর তথ্যের বিপরীতে আত্মকর্মসংস্থান সৃজন অংশে নির্ধারিত ছকে যথাযথ তথ্য পূরণ করতে হবে;
- প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের (যাদের তথ্য ইতোমধ্যে ডাটাবেজে এন্ট্রি আছে) মধ্যে যারা কর্মসংস্থানে নিয়োজিত, যারা অন্য পেশায় নিয়োজিত, যারা স্থান ত্যাগ করছে বা কেউ মৃত্যুবরণ করলে তাদের তথ্যও নিয়মিত এন্ট্রি দিতে হবে;

সংশ্লিষ্ট সকলকে বর্ণিত সফটওয়্যারটি যথাযথ ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য হালনাগাদ করে বাধ্যতামূলকভাবে জুলাই/১৬ মাস হতে অনলাইন রিপোর্ট প্রনয়ণ ও প্রেরণের ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ শাহিনুর রহমান)  
সহকারী পরিচালক (দাঃবিঃ ও ঋণ)  
ফোন : ৯৫১৫০১৯।  
Email-addydp@gmail.com

প্রাপকঃ

- উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা (৫টি জেলা)।
- ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- জেলা (৫টি জেলা)।
- উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- উপজেলা (-----টি উপজেলা)।

অনুলিপি বিতরণঃ

- সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

যে সমস্ত জেলায় জুন/১৬ মাসে ঋণের অনলাইন আবেদন এবং আত্মকর্ম সফটওয়্যার ব্যবহারের জন্য উন্মুক্ত করা হবে তার তালিকাঃ

নং	জেলার নাম	উপজেলার নাম	শুরু তারিখ	মন্তব্য
০১	মাগুরা	সকল উপজেলা	২-৩ জুন ২০১৫	দাঃবিঃ ও ঋণ শাখায় সংযুক্ত উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব পারভেজ মোল্যা সরেজমিনে উপস্থিত হয়ে সময়সূচি মাসিক সংশ্লিষ্টদের সফটওয়্যারটি স্থানান্তর করবেন, একটি ব্রিফিং প্রদান করবেন এবং একটি উপজেলায় প্রক্রিয়াটি ডেমোনেস্ট্রট করেছেন এবং করবেন।
০২	গোপালগঞ্জ	সদর, মোকসেদপুর, কাশিয়ানী, টুংগীপাড়া ও কোটালীপাড়া	ঐ	
০৩	রাজশাহী	বোয়ালিয়া, পবা, মোহনপুর, গোদাগাড়ী, বাঘমারা, চারঘাট, দুর্গাপুর, তানোর, বাঘা ও পুটিয়া	১৩-১৪ জুন ২০১৬	
০৪	নবসিংদী	সকল উপজেলা	১৬ জুন ২০১৬	
০৫	নারায়নগঞ্জ	সদর, বন্দর, সোনারগাঁ, আড়াইহাজার ও রূপগঞ্জ	১৫ জুন ২০১৬	